

বাংলাদেশ দূতাবাস
রিয়াদ, সৌদি আরব।

নং এলডব্লিউ/বি-০২/২০০৯-১৩৯

০৪ ফেব্রুয়ারী ২০০৯।

বিষয় : মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে স্কুল-কলেজের
ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা।

২১ শে ফেব্রুয়ারী ২০০৯ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ দূতাবাস রিয়াদ-এর উদ্যোগে রিয়াদ অঞ্চলের বিভিন্ন স্কুল ও কলেজে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। রচনার বিষয় সমূহ নিম্নরূপ :

- (ক) প্রাথমিক পর্যায় (৫ম শ্রেণী পর্যন্ত) : 'মায়ের ভাষা বাংলাভাষা'
(খ) জুনিয়র পর্যায় (৬ষ্ঠ শ্রেণী থেকে ৮ম শ্রেণী) : 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'
(গ) মাধ্যমিক পর্যায় (৯ম ও ১০ম শ্রেণী) : 'আমাদের ভাষা আন্দোলন ও স্বাধীনতা'
(ঘ) উচ্চ মাধ্যমিক পর্যায় (১১শ ও ১২শ শ্রেণী) : 'প্রবাস জীবন, বাংলাভাষা ও বাংলাদেশ'।

রচনা লেখা ও প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী

- ০১। ক গ্রুপের জন্য নির্ধারিত রচনা ৫০০ থেকে ৮০০ শব্দের মধ্যে লিখতে হবে।
০২। খ গ্রুপের জন্য নির্ধারিত রচনা ৮০০ থেকে ১০০০ শব্দের মধ্যে লিখতে হবে।
০৩। গ ও ঘ গ্রুপের জন্য নির্ধারিত রচনা ১০০০ থেকে ১২০০ শব্দের মধ্যে লিখতে হবে।
০৪। রচনা এ-৪ সাইজের কাগজে বাংলাভাষায় স্পষ্টাক্ষরে কাগজের এক পৃষ্ঠায় লিখতে হবে।
০৫। আগামী ১৬/০২/২০০৯ তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের প্রত্যয়নপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর কাছে রচনা জমা দিতে হবে।

২১ শে ফেব্রুয়ারী ২০০৯ সকালে দূতাবাস প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার বিতরণ করা হবে।

এস,এম, হারুন-অর-রশাদ
কাউন্সেলর (শ্রম)।
ফোনঃ ০১-২১৫২০৯৪।